



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, খানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd



নং-৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৩.২২/৩৬৪৯

তারিখ: ০৭/১০/২০২৩ বঙ্গাব্দ  
২৩/০৩/২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় : মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য আয়োজিত ১৩৪তম 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন

মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের (সরকারি ও বেসরকারি) জন্য ১৩৪তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্স আগামী ১৯.০২.২০২৫ থেকে ১১.০৩.২০২৫ খ্রিস্টাব্দ মেয়াদে নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর অঞ্চলের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের (মাদ্রাসা ব্যতীত) ৪ (চার) জন প্রধান শিক্ষক মনোনয়ন দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কোর্সের জন্য মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষণার্থীগণ আগামী ১৯.০২.২০২৫ খ্রি. তারিখ সকাল ০৯:০০টায় প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে উপস্থিত থাকবেন। প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়ার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধপূর্বক হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের প্রশিক্ষণার্থীগণের কোর্স শুরু আগের দিন থেকে আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করতে পারবেন;
২. প্রশিক্ষণকেন্দ্রে থাকা, খাওয়া ও শিক্ষা সফরের ব্যয় নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থী কমপক্ষে ১৮,০০০.০০ (আঠার হাজার) টাকা এবং আনুষঙ্গিক ব্যয় সাথে আনবেন;
৩. মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর অন-লাইন রেজিস্ট্রেশন অপশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন;
৪. প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৫. বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে তাঁদের প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতির নিকট থেকে বর্তমান মূলবেতন উল্লেখ করে অংশগ্রহণের অনুমতিপত্র এবং এমপিও এর অনুলিপি সঙ্গে আনতে হবে। যে সকল প্রতিষ্ঠান প্রধান এখনও এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৬. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-১৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ লিখিতভাবে অবহিতকরণ ব্যতীত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৭. মনোনীত প্রতিষ্ঠান প্রধান যাঁর বয়স ৫৭ বছর অতিক্রম করেছে, তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৮. যিনি পূর্বে কখনও এই প্রশিক্ষণ গ্রহণ করেননি তিনি অগ্রাধিকার পাবেন। যিনি বিগত তিন বছরের মধ্যে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণের প্রয়োজন নেই;
৯. প্রশিক্ষণ সম্পর্কিত কোনো বিষয়ে জানার প্রয়োজন হলে এ কোর্সের কোর্স সমন্বয়ক জনাব চামেলী দাস, টিচার ট্রেনার-এর সেল নম্বর: ০১৭৫৪৮৩০২৮৯, এবং ই-মেইল: daschameli@gmail.com এ যোগাযোগ করা যেতে পারে। উক্ত ই-মেইলে আগামী ১৩.০২.২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রার্থীদের মনোনয়ন পত্র প্রেরণের মাধ্যমে অংশগ্রহণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো;
১০. আমন্ত্রণপত্র, প্রশিক্ষণার্থীগণের তালিকা, ব্যাংক হিসাবের তথ্য ছক নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

০০০০ ২০.০১.২০২৫

(প্রফেসর ফেরদৌসী বেগম)  
পরিচালক, (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)  
নায়েম।

প্রাপক: উপপরিচালক  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

নং- ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৩.২২/ ৩৬৪৯ (৩৫)

তারিখ: ০৭/১০/২০২৩ বঙ্গাব্দ  
২৩/০৩/২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
৩. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৫. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট (শহীদ বুদ্ধিজীবী/মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী), নায়েম, ঢাকা;
৬. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
৭. তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৯. অফিস নথি।

২৩-০২-২০২৫

(মো. জাহাঙ্গীর কবীর)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম  
ও কোর্স পরিচালক

ইমেল: adtrgjahangir.naem@gmail.com

মোবাইল: ০১৬৭৩২১২৯১৪